



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Answer Worksheet - 1
Class : 2

Subject : Bengali Text
Topic : বোম্বাগড়ের রাজা

Date : 04.05.2020

১) অর্থ লেখ :

- ক) ফ্রেম — কাঠামো।
খ) অষ্টপ্রহর — দিবারাত্র, একদিন।
গ) সদাই — সর্বদা।
ঘ) ওস্তাদ — দক্ষ, অভিজ্ঞ ব্যক্তি, শিক্ষক।
ঙ) মুড়ি — লেপ গায়ে দেওয়া।

২) শূন্যস্থান পূরণ কর :

- ক) কেন সেথায় সর্দি হলে ডিগবাজি খায় লোকে?
খ) জোছনা রাতে সবাই কেন আলতা মাথায় চোখে?
গ) কেন রাজার বিছনা পাতে শিরীষ কাগজ দিয়ে?
ঘ) সভায় কেন চৈচায় রাজা 'হুক্কাহুয়া' বলে?
ঙ) মন্ত্রী কেন কলসি বাজায় বসে রাজার কোলে?

৩) একটি বাক্যে উত্তর দাও।

- ক) বোম্বাগড়ের রাজা আমসত্ত্ব ভাজা কোথায় বাঁধিয়ে রাখেন?
উঃ বোম্বাগড়ের রাজা আমসত্ত্ব ভাজা ছবির ফ্রেমে বাঁধিয়ে রাখেন।
খ) ওখানকার রানি অষ্টপ্রহর কি করেন?
উঃ ওখানকার রানি অষ্টপ্রহর মাথায় বালিশ বাঁধেন।
গ) রানির দাদা কি করেন?
উঃ রানির দাদা পাউরুটিতে পেরেক ঠোকেন।
ঘ) সেখানকার পণ্ডিতেরা ট্যাকঘড়িকে কিসে ডুবিয়ে রাখে?
উঃ সেখানকার পণ্ডিতেরা ট্যাকঘড়িকে ঘিয়ে ডুবিয়ে রাখে।
ঙ) 'বোম্বাগড়ের রাজা' কবিতাটি কে লিখেছেন?
উঃ 'বোম্বাগড়ের রাজা' কবিতাটি লিখেছেন সুকুমার রায়।

৪) বাক্য রচনা কর :

- ক) ছবি — আমার বোন সুন্দর ছবি আঁকে।
খ) অষ্টপ্রহর — ফটিক কোনো কাজ না করে অষ্টপ্রহর ঘুরে বেড়ায়।
গ) পেরেক — আমার দাদার পায়ে খেলতে গিয়ে পেরেক ঢুকে গেল।
ঘ) লেপ — আমরা শীতকালে লেপ গায়ে দিই।
ঙ) পণ্ডিত — রমেনের ঠাকুরদা পণ্ডিত ব্যক্তি ছিলেন।

Rita Das